মুজিবনগরে বিশ্ব টয়লেট দিবস উপলক্ষে ওয়েব ফাউন্ডেশনের র্যালী ও আলোচনা সভা

“অদৃশ্যকে দৃশ্যমান করো” এই প্রতিপাদ্যের মুজিবনগরে পালিত হয়েছে বিশ্ব টয়লেট দিবস। এই উপলক্ষে বুধবার সকাল ১১ টার দিকে উপজেলার বিশ্বনাথপুর গ্রামে আশার আলো সমিতির উদ্যোগে এবং water.org এর কারিগরি সহায়তায় এবং ওয়েব ফাউন্ডেশন

এক্সেস প্রকল্পের বাস্তবায়নে ও আয়োজনে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে আশার আলো মহিলা সমিতির সদস্যদের নিয়ে একটি র্যালি বের করা হয়। র্যালিটি কয়েকটি রাস্তা প্রদক্ষিন শেষে একই জায়গায় এসে শেষ হয়। পরে সেখানে ওয়েব ফাউন্ডেশন এর ইউনিট ম্যানেজার (ভারপ্রাপ্ত) আশিক ইকবালের সভাপতিত্বে একটু আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মুজিবনগর উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম বলেন,
দৈনন্দিন জীবনে মানুষের মলমূত্রসহ বিভিন্ন ধরণের ময়লা আবর্জনার সুষ্ঠু ব্যবস্থাপনাই হলো স্যানিটেশন। বিশ্ব টয়লেট দিবস হল বিশ্বব্যাপী স্যানিটেশন সংকট মোকাবেলায় জাতিসংঘ কর্তৃক মনোনীত আন্তর্জাতিক ভাবে পালনের একটি দিন। এটি জাতিসংঘ, অনেক জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, সরকারি ও বেসরকারি সংস্থা এবং সেচ্ছাসেবকরা প্রতি বছর ১৯ নভেম্বর পালন করে থাকে। স্যানিটেশন সংকট মোকাবেলায় সচেতনতা বাড়ানো এবং পদক্ষেপ গ্রহণে উৎসাহিত করার লক্ষ্য এই দিবস পালন করা হয়ে থাকে।

অনিরাপদ স্যানিটেশন ব্যবস্থার কারণে মানব বর্জ্য নদী, খাল বিল পুকুরে এবং মাটিতে ছড়িয়ে পড়ছে এবং ভূগর্ভস্থ পানি সম্পদকে দূষিত করছে। ভূগর্ভস্থের পানি কীভাবে দূষিত হচ্ছে, তা আমাদের কাছে দৃশ্যমান নয়, এমনকি সমস্যাটিও অদৃশ্য। মাটির নিচে পানির দূষণ হচ্ছে- তা অদৃশ্য থাকার কারণে আমাদের সকলের কাছে সমস্যাটি গুরুত্ব পায় না, এমনকি আমাদের বেশিরভাগ মানুষই তা উপেক্ষা করে থাকে। ফলে পানি দূষণের মাত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। দূষিত পানি ব্যবহারের কারণে দরিদ্র ও প্রান্তিক মানুষকে সবচেয়ে বেশি অসুখ